শুধু কি          তার বেঁধেই তোর কাজ ফুরাবে
গুণী মোর, ও গুণী !
বাঁধা বীণা রইবে পড়ে এমনি ভাবে
গুণী মোর, ও গুণী !
তা হলে                    হার হল যে হার হল,
শুধু              বাঁধাবাঁধিই সার হল   গুণী মোর, ও গুণী !
বাঁধনে            যদি তোমার হাত লাগে
তা হলেই সুর জাগে,   গুণী মোর, ও গুণী !
না হলে          ধুলায় প'ড়ে লাজ কুড়াবে ॥

---

Parjaay: Puja

Visit www.geetabitan.com for notation and other detail